# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৬৩ তারিখঃ ০২/০২/২০১৬ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৬৫ তম কমিশন সভা অদ্য ০২/০২/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কমিশনার জনাব আরিফ খান, কমিশনার এর পদ থেকে স্বাস্থ্যগত কারণে প্রেরিত পদত্যাগপত্র গত ০১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে সরকার কর্তৃক গৃহীত হয়েছে। কমিশনার হিসেবে কার্যকালীন সময়ে জনাব খান কমিশনের বিভিন্ন ধরনের সংস্কার কার্যক্রম থেকে শুরু করে কমিশনকে শক্তিশালীকরণ ও পুঁজিবাজার উন্নয়নের জন্য যে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কমিশন তা শ্রদ্ধার সাথে স্মরণ করে। কমিশন তাঁর দ্রুত সুস্থ্যতা এবং আগত দিনগুলোতে তাঁর ব্যক্তিগত, পারিবারিক ও ভবিষ্যত কর্মজীবনের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছে।

২. সভায় পুঁজিবাজারে "Small Cap Board" প্রতিষ্ঠার জন্য গঠিত কমিটির রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১) Small Capital Company সমূহের লিষ্টিং এবং ট্রেডিং এর জন্য উভয় স্টক এক্সচেঞ্জে "Small Capital Platform" নামে ভিন্ন প্লাটফরম গঠন করা হবে।

২) এই বাজারে তালিকাভূক্তির জন্য কোম্পানীর ইস্যুপূর্ববর্তী ন্যুনতম ৫ কোটি টাকা এবং ইস্যু পরবর্তী ন্যুনতম ১০ কোটি টাকা পরিশোধিত মূলধন থাকতে হবে। ইস্যু পরবর্তী সর্বোচ্চ মূলধন হবে ৩০ কোটি টাকার নিম্নে।

৩) শুধুমাত্র "Qualified Investors Offer (QIO)" এর মাধ্যমে পুঁজি উত্তোলনপূর্বক Small Capital Based কোম্পানীসমূহ এই বাজারে তালিকাভূক্ত হতে পারবে।

৪) "Qualified Investors" বলতে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ নীটসম্পদধারী ব্যক্তি যাদের বিনিয়োগ সংক্রান্ত সম্যক ধারণা রয়েছে তাদের বোঝাবে।

৫) এই বাজারে ডাইরেক্ট লিষ্টিং এর মাধ্যমে কোন কোম্পানী তালিকাভূক্ত হতে পারবে না। বিদ্যমান শেয়ারধারকদের শেয়ার একটি নির্দিষ্ট সময়ে জন্য লক-ইন থাকবে।

৬) এই বাজারে শুধুমাত্র Qualified Investor গণ লেনদেন করতে পারবেন। এই বাজার সাধারণ বিনিয়োগকারীদের জন্য উন্মুক্ত নয়।

৭) বাজারে লেনদেন এর তারল্য বজায় রাখার জন্য ইস্যুয়ার কোম্পানী ন্যুনতম ৩ বছরের জন্য Market Maker নিয়োগ করবে।

৮) সিকিউরিটিজসমূহ dematerialized form-এ হবে এবং Electronic Trading Platform -এ লেনদেন হবে। ক্লিয়ারিং, সেটলমেন্ট এবং Trade Cycle হবে এক্সচেঞ্জের মূল বাজারের অনুরূপ।

৯) Small Capital Based কোম্পানীর লিষ্টিং এর জন্য ন্যুনতম ফি এবং অন্যান্য খরচ ধার্য করা হবে।

১০) তালিকাভূক্তি এবং Compliance এর বাধ্যবাধকতাসমূহ বর্তমানে প্রচলিত IPO এর চেয়ে হ্রাস করা হবে এবং Electronic Compliance ও Disclosure প্রণয়নের ব্যবস্থা করা হবে।

১১) বিদ্যমান স্টক ব্রোকারদের মাধ্যমে লেনদেন পরিচালিত হবে।

১২) Qualified Investors চিহ্নিতকরণের জন্য সিডিবিএল ভিন্ন ধরনের BO হিসাব প্রণয়ন করবে।

১৩) এক্সচেঞ্জ সমূহ কোম্পানী এবং বিনিয়োগকারীদের সচেতনতা কর্মসূচী গ্রহণ করবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহের আলোকে কমিটি বিধিমালা প্রণয়ন করে জনমত যাচাইয়ের জন্য প্রকাশের ব্যবস্থা করবে। এছাড়াও Market Maker বিধিমালা সংশোধনের জন্য গঠিত কমিটিও কার্যক্রম সম্পন্ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

৩. Amam Sea Food Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Amam Sea Food Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উল্লিখিত প্রতিবেদনসমূহ দাখিল না করা পর্যন্ত প্রতিদিনের জন্য ১০ হাজার টাকা করে জরিমানা ধার্য করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. Dhaka Fisheries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৪ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৪ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, ডিসেম্বর ৩১, ২০১৪ সময়ে সমাপ্ত অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন, এবং মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Dhaka Fisheries Limited এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উল্লিখিত প্রতিবেদনসমূহ দাখিল না করা পর্যন্ত প্রতিদিনের জন্য ১০ হাজার টাকা করে জরিমানা ধার্য করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

02/02/2016

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd